গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**(একই নম্বর ও তারিখ সম্বলিত প্রতিস্থাপক পরিপত্র)**

**গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়**

**(শাখা প্রশাসন-২)**

নং শাখা-২/২এম-২৮/৯৫/৬৫৭ তারিখঃ ১৮ অক্টোবর, ২০০৬

## পরিপত্র

সরকার এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিতেছে যে, Bangladesh Allocation Rules, 1982- এর ধারা-১৫(২) এবং ১৫(৩)-এর আওতায় কোন বরাদ্দ প্রাপক যে সময়কাল সরকারি বাসায় বসবাস করবেন সেই সময়কালের জন্য স্বাভাবিক ভাড়া হিসেবে তাকে চাকুরীরত থাকাকালীন সময়ের অথবা পূর্ণ অবসরে যাওয়ায় অব্যবহিত পূর্বে বাড়ি ভাড়া ভাতা বাবদ যে পরিমাণ অর্থ প্রাপ্য হতেন সেই পরিমাণ অর্থ এবং তাঁর শেষ মূল বেতনের ৭.৫/৫.০ শতাংশ হারে বাড়িভাড়া ও অন্যান্য কর, বিল, ইত্যাদি সরকারকে পরিশোধ করতে হবে।

২। Bangladesh Allocation Rules, 1982-এর ধারা-১৫-এর বিধানে বর্ণিত সময়কালের অতিরিক্ত যে কোন মেয়াদে সরকারি বাসায় বসবাসের ক্ষেত্রে সংশ্লিষ্ট বরাদ্দ প্রাপক/বসবাসকারী পরিবারকে প্রামাণিক হারে (**Standard rent**) বাড়িভাড়া ও অন্যান্য কর, বিল ইত্যাদি সরকারকে পরিশোধ করতে হবে।

৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**আখতার আহমেদ**
যুগ্ম-সচিব (প্রশাসন)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়**

**প্রশাসন-২**

## প্রজ্ঞাপন

তারিখঃ ১৩-০৫-১৪১৪বাং/২৮-০৮-২০০৭ইং

**এস,আর,ও নং-২১৩-আইন/২০০৭**—Fundamental Rules এর rule 45 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার Bangladesh Allocation Rules, 1982 তে নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত Rules এর rule 15 এর sub-rule (7) এর পরিবর্তে নিম্নরূপ sub-rule (7) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(7) Notwithstanding anything contained in any other provisions of this rule, an allottee leaving his headquarters for training or higher studies may retain the accommodation on payment of rent for a period of one year with the permission of the director in case he is compelled to leave his family in the accommodation. He shall have to obtain permisssion from the government for retention of that accommodation beyond one year"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুন্সী সফিউল হক**
উপ-সচিব (প্রশাসন-১)।